গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০১৬.০৬.০০৩.১৮.১৫৯ তারিখঃ ০৪/০৬/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ এপ্রিল, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের এপ্রিল, ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্‌সংগে প্রেরণ করা হলো। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ০৭ জুন, ২০১৮ তারিখের মধ্যে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(রুমানা রহমান শম্পা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৩৪৯২৩০
dsparliament@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
০৩। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
০৬। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
০৯। উপসচিব (সকল)/উপপ্রধান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৩। জনসংযোগ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৪। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

এপ্রিল, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

চেয়ারপার্সন	:	ড. নমিতা হালদার এনডিসি সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	১৫/০৫/২০১৮ বেলা ১০.০০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট ক দ্রষ্টব্য

চেয়ারপার্সন উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মার্চ, ২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোনো সংশোধনী না থাকায় মার্চ, ২০১৮ মাসের কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যপত্র অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা/বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	২	৩	৪	৫
১.১ ইনোভেশন কমিটির কার্যক্রম	ক) APA ২০১৭-১৮ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	ক) মন্ত্রণালয় : কর্মসংস্থান ৩ ও ৪ শাখায় প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুততার সাথে নথিতে উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/বিএমইটি/এজেন্সিতে প্রেরণ করা হয়। বর্তমানে শাখাদ্বয়ে অভিযোগ সংক্রান্ত কোন আবেদন পেন্ডিং নেই। বিএমইটিঃ রি/এজেন্সীর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে তদন্ত কার্যক্রমের জন্য টাইম বাউন্ড করে দেয়া হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যেই অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিএমইটি'তে অভিযোগ নিষ্পত্তির হার ৮০.৬৭%।	ক) APA ২০১৭-১৮ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (এনফোর্সমেন্ট ও মনিটরিং) কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল),
	খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টারে অন্তর্ভুক্ত সেবাসমূহ সহজীকরণের উদ্যোগ গ্রহণ	খ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টারে অন্তর্ভুক্ত সেবাসমূহ সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তদনুযায়ী সেবা সহজীকরণ করা হচ্ছে।	খ) সেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনমূলক কর্ম পদ্ধতির প্রয়োগ বাড়াতে হবে।	খ) ইনোভেশন টীম , মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা (সকল)

	করতে হবে। গ) নিরাপদ অভিবাসন সংক্রান্ত জনসচেতনতামূলক তথ্য প্রচারে তৎপর থাকতে হবে।	<u>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u> সিটিজেন্স চার্টারে অন্তর্ভুক্ত সেবাসমূহ সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে অনলাইনের মাধ্যমে শিক্ষা বৃত্তির আবেদনপত্র গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। গ) এ মন্ত্রণালয় হতে নিরাপদ অভিবাসন সংক্রান্ত বার্তা টিভি চ্যানেলে স্ক্রল আকারে প্রচারের লক্ষ্যে বিটিভিসহ সকল বেসরকারি টিভি চ্যানেলে পত্র প্রেরণ করা হয়েছে। বিএমইটির পক্ষ থেকে একই রুপ উদ্যোগ গ্রহণ করতে হবে।	গ) নিরাপদ অভিবাসন সংক্রান্ত জনসচেতনতামূলক তথ্য প্রচারে তৎপর থাকতে হবে।	গ) প্রশাসন অনুবিভাগ ও জন সংযোগ কর্মকর্তা এবং বিএমইটি
২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি	১) শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথি কার্যক্রম নিষ্পন্ন করতে হবে। ২) বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরণ ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ৩) নির্ধারিত সময়ের মধ্যে APA ও NIS সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	১) ই-নথি কার্যক্রম সন্তোষজনক নয়। এপ্রিল মাসে এ মন্ত্রণালয়ের অবস্থান ৩৬তম। ফ্রন্ট ডেস্ক চালু করা হলে অগ্রগতি আরও বৃদ্ধি পাবে। ২) বিএমইটি'র বহির্গমন শাখায় প্রশিক্ষণ সনদ যাচাই, ফিঙ্গার প্রিন্ট Error, স্মার্ট কার্ড সংশোধন বিষয়ে এপ্রিল/২০১৮ মাসে মোট ১৬১টি অভিযোগ পাওয়া যায়। তন্মধ্যে ১৬১টি অভিযোগই নিষ্পন্ন করা হয়েছে । ৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই APA ও NIS এর কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে যে সকল লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে সেগুলো বাস্তবায়নে আরও তৎপর হতে হবে।	১) শাখাভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-নথি কার্যক্রম নিষ্পন্ন করতে হবে। ২) বিএমইটির বহির্গমন শাখায় প্রাপ্ত অভিযোগসমূহের ধরণ ও নিষ্পত্তির তথ্যসহ প্রতিবেদন সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। ৩) নির্ধারিত সময়ের মধ্যে APA ও NIS সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	১) সকল কর্মকর্তা (মন্ত্রণালয়) ২) মহাপরিচালক বিএমইটি ৩) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও দপ্তর/সংস্থা
২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা	১) বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে। ২ (ক) অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে	১) <u>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u> বিদেশগামী কর্মীদের জন্য বীমা নীতিমালা চুড়ান্তকরণের পর তা বাস্তবায়নে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে। ১৭ মে, ২০১৮ তারিখে এ সংক্রান্ত সভা IDRA তে অনুষ্ঠিত হয়েছে। ২ (ক) গত ২৫ এপ্রিল ২০১৮ তারিখে জাপানিজ ভাষায় ১৪ জন প্রশিক্ষণার্থীর কোর্স সমাপ্তি উপলক্ষে মাননীয় মন্ত্রী, সচিব	১) বীমা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে তৎপর থাকতে হবে। ২ (ক) অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে দক্ষতা উন্নয়ন কার্যক্রমে	১) মহাপরিচালক, কল্যাণ বোর্ড ও উপসচিব (কল্যাণ অধিশাখা) ২ (ক) মহাপরিচালক, বিএমইটি

	দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অগ্রাধিকার দিতে হবে।	মহোদয়, আইএম জাপানের প্রতিনিধি এবং বাংলাদেশস্থ জাপান দূতাবাসের দ্বিতীয় সচিব এর উপস্থিতিতে সনদ বিতরণ করা হয়। তারা টেকনিক্যাল ইন্টার্ন হিসেবে ইতোমধ্যে জাপানে বিনা অভিবাসন ব্যয়ে গমন করেছে। • একই দিনে আরও একটি ব্যাচের জাপানিজ ভাষা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করা হয়। উল্লেখ্য, অভিবাসনে পিছিয়ে পড়া জেলাগুলোকে অগ্রাধিকার দিয়ে এ সকল প্রশিক্ষণার্থী নির্বাচন করা হচ্ছে। • এছাড়া ৫০টি টিটিসি স্থাপনের প্রকল্পে অভিবাসনে পিছিয়ে পড়া উপজেলাগুলো অগ্রাধিকার দেওয়া হয়েছে। সংশোধনের লক্ষ্যে পরিকল্পনা কমিশন থেকে ফেরত পাঠানো হয়েছে।	অগ্রাধিকার দিতে হবে।	
	২ (খ) সরকারি চাকরিতে মহিলা ড্রাইভার নিয়োগের গুরুত্ব তুলে ধরে জনপ্রশাসনে পত্র প্রেরণ করতে হবে।	২ (খ) টিটিসিতে প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা ড্রাইভারদেরকে সরকারি চাকরিতে নিয়োগের গুরুত্ব তুলে ধরে প্রশাসন শাখা হতে জনপ্রশাসনে পত্র প্রেরণ করা হয়েছে।	২ (খ) বাস্তবায়িত	
	৩) যথাসময়ে প্রকল্প বাস্তবায়নে আরো তৎপর হতে হবে।	৩) <u>মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখাঃ</u> বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে প্রতিমাসে পর্যালোচনা সভা আয়োজনসহ মাঠ পর্যায়ে নিয়মিত প্রকল্প পরিদর্শন করা হচ্ছে যা নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করছে। <u>বিএমইটিঃ</u> প্রকল্প পরিচালকদের এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রকল্প অগ্রগতির বিষয়ে বিএমইটি'র মাসিক সমন্বয় সভায় জবাবদিহিতার আওতায় আনা হয়েছে ও মনিটরিং করা হচ্ছে।	৩) প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে উদ্ভাবনী চিন্তার প্রকাশ ঘটিয়ে সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।	৩) পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা এবং বিএমইটি
২.৩ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং	সৌদি আরবে ২ টি, ওমানে ১ টি ও বাহরাইনে ১ টি স্কুল প্রতিষ্ঠার বিষয়ে গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পিইসি সভার সিদ্ধান্তের আলোকে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য একটি সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রণয়ন করা হয়েছে। উক্ত সমীক্ষা প্রকল্পটি গত ১৮/১০/২০১৭ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ডিপিইসি সভা এবং সম্প্রতি অনুষ্ঠিত শ্রম কল্যাণ সম্মেলন, ২০১৮ এর আলোচনার প্রেক্ষিতে পুনর্গঠন করা হচ্ছে। এতে বাহরাইনসহ মোট ৪টি স্কুল নির্মাণের বিষয়ে উল্লেখ করা হবে।	সৌদি আরবে ২ টি, ওমানে ১ টি ও বাহরাইনে ১ টি স্কুল প্রতিষ্ঠার বিষয়ে গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা

২.৪ অডিট আপত্তি সংক্রান্ত	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	**মন্ত্রণালয়:** মন্ত্রণালয়ের রাজস্ব খাতে ১৩টি অডিট আপত্তির মধ্যে ৬টি নিষ্পন্ন ও ৭টি অনিষ্পন্ন আছে। দক্ষতা উন্নয়ন তহবিলের ১০টি আপত্তির মধ্যে ৪টি নিষ্পন্ন এবং বাকী ৬টি নিষ্পত্তির লক্ষ্যে প্রক্রিয়াধীন আছে। **বিএমইটি:** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এপ্রিল/২০১৮ মাসে ০৩টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দূতাবাস অডিট অধিদপ্তরের সাথে গত ১৪/০৫/২০১৮খ্রিঃ তারিখে একটি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। **<u>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u>** বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৬৬ টি অডিট আপত্তির মধ্যে ৫৫টি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১১টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে।	যুগ্মসচিব, বাজেট অধিশাখা ও দপ্তর সংস্থা (সকল)
২.৫ অনিষ্পন্ন বিষয়	মন্ত্রণালয়ের ও দপ্তর/সংস্থার পেন্ডিং বিষয়ের তালিকা প্রণয়নপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয়ের সংস্থা অধিশাখা হতে নিবিড় যোগাযোগের মাধ্যমে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পন্ন কার্যক্রম অব্যাহত রয়েছে।	মন্ত্রণালয়ের ও দপ্তর/সংস্থার পেন্ডিং বিষয়ের তালিকা প্রণয়নপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংস্থা অধিশাখা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা
২.৬ মামলা সংক্রান্ত	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মামলার সংখ্যা, বর্তমান অবস্থা ও গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মন্ত্রণালয় ও দপ্তর /সংস্থার মামলার সংখ্যা, বর্তমান অবস্থা ও গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় নিয়মিত উপস্থাপন করা হয়। বিএমইটির বর্তমান মামলা সংখ্যা ২৩৬টি। **<u>ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:</u>** বর্তমানে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে কোন মামলা চলমান নেই।	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মামলার সংখ্যা, বর্তমান অবস্থা ও গৃহীত কার্যক্রম সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	প্রশাসন ও আইন শাখা (মন্ত্রণালয়) ও দপ্তর/সংস্থা (সকল)

দপ্তর/সংস্থা :

৩. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৩.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	১) গামকার আওতাধীন মেডিকেল সেন্টারে স্থাপিত অভিযোগ বক্সে অভিযোগ পাওয়া গেলে নিষ্পত্তি করতে হবে।	এপ্রিল ২০১৪ সময়ে (ক) এরাবিয়ান মেডিকেল সেন্টার, বাড়ী নং ১০/৪০, ব্লক জে, বারিধারা (খ) ইবনে সিনা মেডিকেল চেকআপ ইউনিট, চ-৭২/১, প্রগতিসরনী, বাড্ডা এবং (গ) আল হোমায়রা হেলথ সেন্টার, বাড়ী ০৬, রোড ২বি, ব্লক জে, বারিধারা ঢাকায় এ বিদেশগামী কর্মীগণের হয়রানি বন্ধের উদ্দেশ্যে প্রতিটিতে একটি করে মোট তিনটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। পরবর্তীতে পর্যায়ক্রমে অন্যান্য সেন্টারেও অভিযোগ বক্স স্থাপন করা হবে। প্রতি সপ্তাহে ১ বার অভিযোগ বক্স খুলে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	১) সপ্তাহে ১ (এক) বার অভিযোগ বক্স খুলে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১) যুগ্ম সচিব (এনফোর্সমেন্ট ও মনিটরিং অধিশাখা)
	২) বিএমইটির আওতাধীন আইএমটিসমূহ জরুরী ভিত্তিতে পরিদর্শনপূর্বক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	২) সম্প্রতি সিরাজগঞ্জ ও ফরিদপুর, আইএমটি পরিদর্শন করা হয়েছে। দ্রুত মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা হবে। তাছাড়া, উপপরিচালক পর্যায় হতে মহাপরিচালক পর্যন্ত সকল কর্মকর্তা বিএমইটি'র অধীন দপ্তরসমূহের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে নিবিড় মনিটরিং করছে । পরিচালক পর্যায়ে প্রতিদিন টেলিফোনে যোগাযোগের মাধ্যমে বিভাগওয়ারী মাঠ পর্যায়ের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। অধিনস্থ অফিস/প্রতিষ্ঠানসমূহে ই-মনিটরিং অব্যাহত আছে।	২।বিএমইটির আওতাধীন আইএমটিসমূহ জরুরী ভিত্তিতে পরিদর্শনপূর্বক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	২)মহাপরিচালক, বিএমইটি

৪. ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৪.১ চলমান কার্যক্রম সংক্রান্ত	কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ/ সমস্যা নিষ্পত্তিতে তৎপর থাকতে হবে।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত প্রবাসবন্ধু কল সেন্টারের মাধ্যমে প্রাপ্ত কল নিষ্পত্তিতে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়। গত এপ্রিল ২০১৮ মাসে প্রবাসবন্ধু কল সেন্টারে ১৮২টি কল পাওয়া যায়। এর মধ্যে ১৪৮টি কলে চাহিত তথ্যাদি/সহযোগিতা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৪৮টি কলে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।	কল সেন্টারের মাধ্যমে চাহিত তথ্যাদি/সহযোগিতা প্রদানে তৎপর থাকতে হবে।	মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

৫. বোয়েসেল :

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৫.১ বোয়েসেলের কার্যক্রম	বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে আরও তৎপর হতে হবে।	কোরিয়া ও জর্ডানে কর্মী প্রেরণ অব্যাহত আছে। সম্প্রতি মালদ্বীপ ও বাহরাইনে কর্মী প্রেরণের সুযোগ সৃষ্টি হয়েছে।	বিদেশে কর্মী প্রেরণের ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানে আরও তৎপর হতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক বোয়েসেল

৬. প্রবাসী কল্যাণ ব্যাংক:

আলোচ্য বিষয়	গত সভার সিদ্ধান্ত	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
৬.১ প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম	প্রবাসী কল্যাণ ব্যাংককে সীমিত আকারে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে তফসিলি ব্যাংকে রূপান্তরের নিমিত্তে ইতোমধ্যে সরকার এই ব্যাংকের ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ প্রযোজ্য করেছে। পরিশোধিত মূলধন ৪০০.০০ (চারশত) কোটি টাকায় উন্নীত করা হয়েছে। তন্মধ্যে, সরকার ২০.০০ (বিশ) কোটি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ৩৮০.০০ (তিনশত আশি) কোটি প্রদান করেছে। ব্যাংকটিকে তফসিলি ব্যাংকে রূপান্তরের জন্যে ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকে আবেদন করা হয়েছে এবং বাংলাদেশ ব্যাংকে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তফসিলি ব্যাংকে রূপান্তরের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বাংলাদেশ ব্যাংকের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে।	প্রবাসী কল্যাণ ব্যাংককে সীমিত আকারে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের লক্ষ্যে গৃহীত কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক

৭. বিবিধ :

৭.১ APA, শুদ্ধাচার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬, ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনাসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম একটি ছক আকারে উপস্থাপন করা হলো:

আলোচ্য বিষয়	বিগত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	গৃহীত সিদ্ধান্ত
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (গবেষণা ও নীতি)	১) খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য বিএমইটির আয়োজিত অংশীজনের সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে। ২) স্টিয়ারিং কমিটির প্রথম সভা আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬ এবং খসড়া কর্মপরিকল্পনার বিষয়ে মতামত প্রাপ্তির জন্য অংশীজনের সভা আয়োজন করা হয়েছে । উক্ত সভায় এজেন্ডা অনুযায়ী আশানুরূপ মতামত আসেনি মর্মে উপসচিব (গবেষণা ও নীতি) সভাকে জানান। তিনি আরো জানান, স্টিয়ারিং কমিটির প্রথম সভা আহবানের পূর্বে আগামী ৩০ মে, ২০১৮ তারিখ একটি আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজনপূর্বক এতদ্‌সংক্রান্ত প্রস্তুতিমূলক আলোচনা করা হবে।	১) আন্ত:মন্ত্রণালয় সভার মাধ্যমে স্টিয়ারিং কমিটি ১ম সভা আয়োজনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করতে হবে।

IPoA ও SDG **ফোকাল পয়েন্ট:** যুগ্মসচিব (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা)	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	গত ৪ মার্চ ২০১৮ তারিখে IPoA আপডেট প্রতিবেদন প্রণয়ন করে ইআরডিতে প্রেরণ করা হয়েছে।	IPoA ও SDG সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
আরটিআই সংক্রান্ত তথ্য প্রদান জনাব রাবেয়া বসরী, সিনিয়র সহকারী সচিব (মনিটরিং শাখা)	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে।	এ বিষয়ে সাম্প্রতিক কোনো অগ্রগতি নেই।	তথ্য অধিকার সংক্রান্ত কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে।
নারী ও শিশু উন্নয়ন বাস্তবায়ন ও মূল্যায়ন কমিটি **ফোকাল পয়েন্ট:** উপসচিব (কল্যাণ)	অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।	• নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে প্রবাসী কল্যাণ ভবনে স্থাপিত অভিযোগ বক্সটি প্রতি সপ্তাহে নিয়মিতভাবে খোলা হয়। অভিযোগ পাওয়া গেলে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করা হবে। **ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড:** ডে-কেয়ার সেন্টারে ১০ জন শিশু অবস্থান করছে। এ ভবনে অবস্থিত অফিসসমূহে ডে-কেয়ার শিশু ভর্তির বিষয়টি অবহিত করা হয়েছে।	অভিযোগ বক্সের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ব্যবস্থাপনা ও ডে-কেয়ার সেন্টার এর আপডেট প্রতি সভায় অবহিত করতে হবে।
কলম্বো প্রসেস **ফোকাল পয়েন্ট:** উপসচিব (মিশন অধিশাখা)	কলম্বো প্রসেসের আসন্ন সভায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।	কলম্বো প্রসেসভুক্ত ১২টি দেশ অভিবাসন ব্যয়ের সংজ্ঞা ও মানদন্ড নির্ধারণের লক্ষ্যে নভেম্বর, ২০১৮ মাসে একটি সভা আহবান করা হয়েছে। উক্ত সভার Input হিসেবে বাংলাদেশের খসড়া পজিশন পেপার চুড়ান্ত করা হয়েছে।	কলম্বো প্রসেসের আসন্ন সভায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।
আবুধাবী ডায়ালগ **ফোকাল পয়েন্ট:** উপপ্রধান (পরিকল্পনা শাখা)	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	৮-৯ মে, ২০১৮ এ আবুধাবী ডায়ালগের সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়ের ০২ জন, বিএমইটির ০১ জনসহ মোট ০৩ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়।	আবুধাবী ডায়ালগের গুরুত্ব বিবেচনায় এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
NSSS **ফোকাল পয়েন্ট :** অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ) বিকল্প: উপসচিব (কল্যাণ)	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ক) সামাজিক ভাতা এবং (খ) মানব উন্নয়ন ও সামাজিক ক্ষমতায়ন, এ দুটি ক্লাস্টার এর সদস্য। এ দুটি ক্লাস্টারের সভায় নিয়মিত অংশগ্রহণসহ এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়।	NSSS সংক্রান্ত বিষয়ে সর্বশেষ অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।

Budapest Process ফোকাল পয়েন্ট: উপসচিব (অভিবাসী ও দক্ষতা উন্নয়ন তহবিল শাখা)	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।	২০১৮ সালে অনুষ্ঠিতব্য Global Compact বাস্তবায়নে বুদাপেস্ট প্রসেসসহ সকল আন্তর্জাতিক ও আঞ্চলিক ফোরামসমূহ কাজ করছে। বুদাপেস্ট প্রসেসে বাংলাদেশ অবজারভার দেশ হিসেবে অংশগ্রহণ করে থাকে। সম্প্রতি এ সংক্রান্ত জয়েন্ট কমিটির একটি সভা বসনিয়ায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ মন্ত্রণালয়ের উপসচিব (দক্ষতা উন্নয়ন তহবিল) এবং জনসংযোগ কর্মকর্তা অংশগ্রহণ করেন।	বুদাপেস্ট প্রসেসের কার্যক্রমে এ মন্ত্রণালয়ের সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে।
GFMD ফোকাল পয়েন্ট: উপসচিব (কর্মসংস্থান শাখা-২)	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।	জিএফএমডির কার্যক্রমে বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয় মূল দায়িত্ব পালন করছে।	জিএফএমডির কার্যক্রমে কার্যকর ভূমিকা রাখতে হবে।
Global Compact ফোকাল পয়েন্ট যুগ্মসচিব (অভিবাসী কল্যাণ অনুবিভাগ)	Global Compact বিষয়ক কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে একটি কমিটি গঠন করতে হবে।	বিভিন্ন গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক প্রসেসে দায়িত্ব পালনের লক্ষ্যে ইতোমধ্যে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্য থেকে বিভিন্ন প্রসেসে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে। তবে তাদের অনুপস্থিতিতে তাদের শাখা/অধিশাখার প্রতিকল্প কর্মকর্তাগণ এ দায়িত্ব পালন করবেন কিনা স্পষ্টীকরণের প্রয়োজন।	বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক প্রসেসের জন্য নির্ধারিত ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও তাদের বিকল্প কর্মকর্তা এ সকল কার্যক্রম পরিচালনা করবেন।

পরিশেষে চেয়ারপার্সন বলেন, এ মন্ত্রণালয়ের কাজের পরিধি ক্রমশ বেড়ে চলেছে। সুতরাং, সকলকে আরো নিষ্ঠা ও বিনয়ের সাথে সেবা প্রদানে তৎপর হতে হবে। সময়ের প্রয়োজনে এবং বৃহত্তর স্বার্থে কর্ম সম্পাদনে উদ্ভাবনী শক্তির প্রয়োগ বাড়াতে হবে। ফলে সেবা সহজীকরণের ধারা আরও বেগবান হবে এবং জনগণ উপকৃত হবে। আগামী ৫ জুন, ২০১৮ তারিখ সিআইপি (এনআরবি) সম্মাননা প্রদান অনুষ্ঠান আয়োজনে সকলের স্বত:স্ফূর্ত সহযোগিতা কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/৬/১৮

(ড. নমিতা হালদার এনডিসি)
সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়